গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০১১.২০১৯/৮৭ তারিখ: ০৮ নভেম্বর, ২০২০ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-০৩/২০২০**

**বিষয় : "Probiotics Blends" নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র : RADIANT NUTRACEUTICALS LTD. কর্তৃক ০৬/১০/২০২০ খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদন।

RADIANT NUTRACEUTICALS LTD. নামক প্রতিষ্ঠান "Probiotics Blends" নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | RADIANT NUTRACEUTICALS LTD. |
| আবেদনকারীর ঠিকানা | সত্ত্বাধিকারী, Radiant Nutraceuticals Limited, B-34 (1st Floor), BSCIC, Industrial Estate, Tongi, Gazipur-1710. |
| টেলিফোন নম্বর | 01844154186 |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Probiotics Blends |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Powder |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | USA |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 3002.90.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

- আমদানিতব্য পণ্যের নামঃ Probiotic Blends
- পণ্যের উপাদানঃ 1. Lactobacillus Acidophilus;
  2. Lactobacillus Bulgaricus;
  3. Bifidobacterium Bifidum;
  4. Fructo-Oligosaccharides (FOS)
- Source of active ingredients: Live Bacteria

আমদানিকারক তার আবেদনে উল্লেখ করেন যে, আমদানিতব্য পণ্যটির নাম probiotics, *i.e.,* good bacteria, যেটি পরবর্তীতে একটি ঔষধ উৎপাদনে ব্যবহৃত হবে। পণ্যের সক্রিয় উপাদানের উৎস হচ্ছে Live Bacteria। এটি ঔষধ তৈরীর কাঁচামাল। এবং সংশ্লিষ্ট ঔষধটির নাম হচ্ছে ' Acteria Capsule (Probiotic Combination 4 billion)'।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:

এ বিষয়ে বিগত ২২/১০/২০২০ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে একটি সভা হয়। সভায় বিভিন্ন কাস্টম হাউসের প্রতিনিধিগণ বিষয়টি পর্যালোচনা করেন। উক্ত সভায় পণ্যটি নিয়ে বিস্তারিত আলোচনা এবং বিশ্লেষন করা হয় যার বিষয়বস্তু নিম্নরূপঃ

11/11/2020

(ক) আমদনিতব্য পণ্যটি finished condition এ আমদানি হবে না। এটি ঔষধের কাঁচামাল হিসেবে Bulk আকারে আমদানি করা হবে যা পরবর্তীতে পূর্নাঙ্গ ঔষধ তৈরীতে ব্যবহৃত হবে। আমদানির সময়ে পণ্যটি ০৪ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রা বা তার নিচে সংরক্ষণ করে আমদানি করতে হয়। এটি সরাসরি মানব শরীরে গ্রহণযোগ্য কোন খাদ্যপন্য নয়।

আমদানিকারকের দাখিলকৃত 'Annexure to Herbal Drug Manufacturing License no. HB-004 of M/s Radiant Nutraceuticals Limited (Herbal Division)' – Issued by 'Director General, Directorate General of Drug Administration' নামীয় দলিল হতে নিম্নলিখিত বিষয়াদি দেখা যায়:

Name of the Product: ACTERIA CAPSULE, 4 BILLION'

**Composition:**

**Active ingredients:**

1. Fructo-Oligosaccharides (FOS)
2. Lactobacillus Acidophilus
   (equivalent to 2 billion)
3. Lactobacillus Bulgaricus;
   (equivalent to 1 billion)
4. Bifidobacterium Bifidum;
   (equivalent to 1 billion)

**Excipients:**

Lactose
Microcrystalline Cellulose
Colloidal Silicon Dioxide
(Aerosil-200)
Empty Hard Capsules
(Size#0)

অর্থাৎ, আলোচ্য আমদানিতব্য পণ্যটি যেসকল উপাদান দ্বারা তৈরি, আমদানি পরবর্তীতে সেইসকল উপাদানের সাথে অন্যান্য Excipients যুক্ত হয়ে একটি পূর্ণাঙ্গ ঔষধ তৈরি হবে।

(খ) দাখিলকৃত দলিলাদি পর্যবেক্ষণে দেখা যায় যে, আমদনিতব্য Probiotics মূলত এক ধরনের Live microorganisms যা live Bacteria দ্বারা গঠিত.

(গ) রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত Safety data sheet হতে দেখা যায়, পণ্যটির Composition/information on ingredients: **Freeze dried microbial cultures.**

Bangladesh Customs Tariff (BCT) এর হেডিং 30.02 এবং sub-heading 3002.90.00 তে বলা হয়েছে

| | |
|---|---|
| 30.02 | Human blood; animal blood prepared for therapeutic, prophylactic or diagnostic uses; antisera, other blood fractions and immunological products, whether or not modified or obtained by means of biotechnological processes; vaccines, toxins, cultures of micro-organisms (excluding yeasts) and similar products. |
| 3002.90.00 | - Other |

Explanatory Notes Chapter 30 এর হেডিং 30.02 এর প্রাসঙ্গিক অংশের ব্যাখ্যানুযায়ী,

This heading covers:

(A) **

(B) **

(C) **

(D) Vaccines, toxins, cultures of micro-organisms (excluding yeasts) and similar products.

These products include:

*  *  *

(3) **Cultures of micro-organisms (excluding yeasts)**. These include ferments such as lactic ferments used in the preparation of milk derivatives (kephir, yogurt, lactic acid) and acetic ferments for making vinegar; moulds for the manufacture of penicillin and other antibiotics; and **cultures of micro-organisms for technical purposes** (e.g., for aiding plant growth).

এছাড়াও, Explanatory Notes এর 30.02 এর ব্যাখ্যানুযায়ী,

"The products of this heading remain classified here whether or not in measured doses or put up for retail sale and whether in bulk or in small packings." ।

অর্থাৎ Bulk আকারে আমদানিতব্য পণ্যসমূহও এই হেডিং এর অন্তর্ভুক্ত হবে।

আমদানিতব্য পণ্যটি একটি freeze-dried cultures of microorganisms। আমদানির পর পণ্যটি পরবর্তী প্রক্রিয়াকরণ পদ্ধতিতে অন্যান্য Inactive ingredients বা excipients এর সমন্বয়ে encapsulation এর মাধ্যমে একটি পূর্ণাঙ্গ পণ্যে রূপান্তরিত হবে।

(ঘ) অন্যদিকে, Explanatory Notes এর হেডিং 21.06 তে বলা হয়েছে,

21.06 - Food preparations not elsewhere specified or included.

এবং সংশ্লিষ্ট অংশের ব্যাখ্যায় বলা হয়েছে,

Preparations, often referred to as food supplements, based on extracts from plants, fruit concentrates, honey, fructose, etc. and containing added vitamins and sometimes minute quantities of iron compounds. These preparations are often put up in packaging with indications that they maintain general health or well-being. Similar preparations, however, intended for the prevention or treatment of diseases or ailments are excluded (heading 30.03 or 38.04).

The heading further excludes:

(a) Preparations made from fruit, nuts or other edible parts of plants of heading 20.08, provided that the essential character of the preparations is given by such fruit, nuts or other edible parts of plants (heading 20.08).

(b) Micro-organisms of heading 21.02 put up as food supplements for human consumption (heading 21.02).

অর্থাৎ, food supplements হচ্ছে plants, fruit concentrates, honey, fructose ইত্যাদির নির্যাস যার সাথে ভিটামিন এবং কিছু ক্ষেত্রে iron compounds থাকবে। আমদানিকৃত পণ্যটি এরুপ কোন পণ্য নয়।

উপরোল্লিখিত ব্যাখ্যার (b) তে বলা হয়েছে: Micro-organisms of heading 21.02 put up as food supplements for human consumption (heading 21.02) জাতীয় পণ্যসমূহ food preparation হবে না।

Explanatory Notes এর হেডিং 21.02 তে বলা হয়েছে,

21.02- Yeasts (active or inactive); other single-cell micro-organisms, **dead** (but not including vaccines of heading 30.02); prepared baking powders.

এর প্রাসঙ্গিক ব্যাখ্যায় বলা হয়েছে

"(B) OTHER SNGLE-CELL MICRO-ORGANISMS, DEAD

This category covers single-cell micro-organisms such as bacteria and unicellular algae, which are **not** **alive**. Inter alia, covered here are those which have been obtained by cultivation on substrates containing hydrocarbons or carbon dioxide. These products are particularly rich in protein and are generally used in animal feeding.

Certain products of this group may be put up as food supplements for human consumption or animal feeding (e.g., in powder or tablet form) and may contain small quantities of excipients."

অন্যদিকে , Harmonized Commodity Description and Coding System এর ALPHABETICAL INDEX (SIXTH EDITION 2017) VOLUME -2 এর পৃষ্ঠা নং:- 548 এ cultures of micro-organisms কে হেডিং 21.06 হতে Exclude করা হয়েছে।

সুতরাং, আমদানিতব্য পণ্য 'Probiotics Blends' - যা আসলে একধরনের good bacteria, i.e., live microorganisms - পণ্যটি HS Code 21.06 এর অধীনে শ্রেনিবিন্যাসিত হওয়ার সুযোগ নেই।

পর্যালোচনায় দেখা যায় যে Bangladesh Customs Tariff (BCT) তে পণ্যটির সুনির্দিষ্ট বর্ণনার হেডিং রয়েছে। কেননা Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী পণ্যটি HS Code 3002.90.00 এর অধীনে শ্রেনিবিন্যাসযোগ্য। ফলে RADIANT NUTRACEUTICALS LTD. নামীয় প্রতিষ্ঠান কর্তৃক আমদানিয় Probiotics Blends নামীয় পণ্যটি HS Code 3002.90.00 এ শ্রেণীবিন্যাসিত হওয়া যুক্তিযুক্ত মর্মে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

উল্লেখ্য যে, Bacteria cultures এবং অন্যান্য inactive ingredients/excipients সমন্বয়ে সম্পূর্ণ প্রস্তুতকৃত Probiotics (Encapsulation ছাড়া), অথবা Encapsulated অবস্থায় সরাসরি মানবদেহে ভোগের জন্য প্রস্তুত Probiotics, অথবা যেটিতে আর কোন further processing এর প্রয়োজন নেই, অথবা যেটি dietary supplements হিসেবে বাজারজাতকৃত; সেইসকল Probiotics Bangladesh Customs Tariff (BCT) এর HS Code 21.06 এর অধীনে শ্রেনিবিন্যাসিত হবে।

একইসাথে, এরূপ Bacteria cultures এর সাথে Inactive ingredients, excipients (for example, silicone dioxide, magnesium stearate etc.), fillers/texture agents (for example: milk powder, maltodextrin, glucose, inulin etc.), flavor maker (for example: sucrose, vanilla flavoring etc.) ইত্যাদি একইসাথে যুক্ত থাকে, সেইসকল Probiotics Bangladesh Customs Tariff (BCT) এর HS Code 21.06 এর অধীনে শ্রেনিবিন্যাসিত হবে।

৪। অগ্রিম রুলিং:

RADIANT NUTRACEUTICALS LTD. কর্তৃক আমদানিয় 'Probiotics Blends' নামক পণ্যটি Bangladesh Customs Tariff (BCT), General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী H.S. Code 3002.90.00 এ শ্রেণীবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

(সৈয়দ গোলাম কিবরীয়া)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০১১.২০১৯/ ৮৭(৩৪) তারিখ: ০৮ নভেম্বর, ২০২০ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৬। সত্ত্বাধিকারী, Radiant Nutraceuticals Limited, B-34 (1st Floor), BSCIC, Industrial Estate, Tongi, Gazipur-1710.
২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৮। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

০৯/১১/2020
(মোঃ পারভেজ রেজা চৌধুরী)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট ও
দ্বিতীয় সচিব (কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং)